গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
বাজেট ও অডিট শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moca.gov.bd

স্মারক: ৪৩.০০.০০০০.১২৫.২০.০১১.২৪.২৬৮

তারিখঃ ১১ অগ্রহায়ণ ১৪৩১ / ২৬ নভেম্বর ২০২৪

বিষয়: আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরের উভয় ভবনের উইপোকা (টারমাইটস) নিধনে অতিরিক্ত বরাদ্দ প্রসঙ্গে।

সূত্র: আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর এর স্মারক: ৪৩.২৫.০০০০.০০৪.২৬.০০৪.১৮.১৪১৭ তারিখ ১০ নভেম্বর ২০২৪ ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর সরকারের একটি গুরুত্বপূর্ণ সেবামূলক প্রতিষ্ঠান। অধিদপ্তরের জাতীয় আরকাইভস ও জাতীয় গ্রন্থাগারে ০২টি প্রশাসনিক ভবন ও ০২টি স্ট্যাকব্লক রয়েছে। স্ট্যাকব্লক ০২টিতে মূল্যবান বই-পুস্তক, নথিপত্র, পত্র-পত্রিকা, ম্যাগাজিন ও অন্যান্য তথ্যসামগ্রী সংরক্ষণ করা হয় এবং প্রশাসনিক ভবন ০২টিতে প্রশাসনিক কার্যক্রম করা হয়। বর্তমানে ০২টি প্রশাসনিক ভবন এবং ০২ স্ট্যাকব্লকের কিছু কিছু জায়গায় উইপোকার উপদ্রব দেখা দিয়েছে। উইপোকায় এ সকল মূল্যবান রেকর্ডস, দুর্লভ বই-পুস্তক, ঐতিহাসিক ডকুমেন্টস ও তথ্যসামগ্রী দ্রুত খেয়ে নষ্ট করে ফেললে অপূরণীয় ক্ষতির সম্মুখীন হবে। সে প্রেক্ষিতে উইপোকা দমনের লক্ষ্যে চলতি ২০২৪-২৫ অর্থবছরে ৩২৫৬১০২-রাসায়নিক কোডে ৪০,০০,০০০/- (চল্লিশ লক্ষ) টাকা অতিরিক্ত বরাদ্দ প্রয়োজন।

০২। এমতাবস্থায়, আরকাইভস ভবনে মূল্যবান রেকর্ডস, দুর্লভ বই-পুস্তক, ঐতিহাসিক ডকুমেন্টস ও তথ্যসামগ্রী রক্ষা করার জন্য উইপোকা দমনের লক্ষ্যে চলতি ২০২৪-২৫ অর্থবছরে ৩২৫৬১০২-রাসায়নিক কোডে ৪০,০০,০০০/- (চল্লিশ লক্ষ) টাকা অতিরিক্ত বরাদ্দ প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

২৬/১১/২৪
(উম্মুল বানীন দ্যুতি)
সিনিয়র সহকারী সচিব (বাজেট)
ফোন: ০২-৫৫১০০৯৮৫

সচিব
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃষ্টি আকর্ষণ: যুগ্মসচিব (বাজেট-৭), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়)।

**সদয় অবগতির জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. মহাপরিচালক, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, শেরেবাংলা নগর, আগারগাঁও, ঢাকা।
২. যুগ্মসচিব (বাজেট ব্যবস্থাপনা), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৩. সচিবের একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৪. অতিরিক্ত সচিব (প্রশাসন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৫. সংশ্লিষ্ট নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
মহাপরিচালকের দপ্তর
ডায়েরি নং: ১১৭৫
তারিখ: ২৮/১১/২৪
পরিচালক (আরকাইভস)
পরিচালক (গ্রন্থাগার)
প্রোগ্রামার